

২৬/৭  
হস্তাক্ষর

# বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমি

মিরপুর-২, ঢাকা-১২১৬।

(উইং-৫)

## অক্টোবর ২০২৩ মাসের প্রশিক্ষণ কর্মসূচি অনুমোদন প্রসঙ্গে।

অনুমোদিত বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা (এটিপি)- ২০২৩ এর বাস্তবায়নকল্পে অক্টোবর ২০২৩ মাসের প্রশিক্ষণ কর্মসূচি প্রস্তুত করা হয়েছে। এটিপি ২০২৩ হতে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স ব্যতীত ০১টি কোর্স এবং ০১টি সেমিনার অক্টোবর ২০২৩ এর প্রশিক্ষণ কর্মসূচিতে অন্তর্ভুক্ত করা হয়েছে যা একাডেমিতে অনুষ্ঠানের প্রস্তাব করা হয়েছে।

২। এফগে, অক্টোবর ২০২৩ মাসের প্রস্তাবিত প্রশিক্ষণ কর্মসূচি সংযুক্ত Annexure-A এর মাধ্যমে উপস্থাপন করা হলো। অনুমোদিত হলে তা বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা যেতে পারে:

ক. অক্টোবর ২০২৩ মাসের কোর্স/সেমিনার সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে সংশ্লিষ্ট সমন্বয়কারী এবং পরিচালকগণ যাবতীয় প্রস্তুতিমূলক ব্যবস্থা কোর্স শুরুর ০১ মাস পূর্বে এবং সেশন শিডিউল ন্যূনতম ১৫ দিন পূর্বে নির্বাহী পরিচালক মহোদয়ের নিকট থেকে অনুমোদন করতে পারেন।

খ. কোর্স/সেমিনার শুরুর দিনে প্রশিক্ষণার্থী/অংশগ্রহণকারীদের সকল Synopsis এর প্রিন্ট কপি/সফট কপি দেয়ার বিষয়টি সমন্বয়কারী নিশ্চিত করতে পারেন।

গ. আলোচ্য মাসে অনুষ্ঠেয় কোর্স/সেমিনার এর জন্য অতিথি বক্তার সম্মানী বাবদ প্রয়োজনীয় অর্থের প্রাক্কলন উইং-১ কে অবহিত করার জন্য সমন্বয়কারীকে পরামর্শ দেয়া যেতে পারে।

ঘ. প্রশিক্ষণকালীন সময়ে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের আপ্যায়ন এবং প্রয়োজনীয় লজিস্টিকস্ সাপোর্ট দেয়ার যাবতীয় দায়িত্ব উইং-১ কে প্রদান করা যেতে পারে।


ঙ. মাসিক প্রশিক্ষণ কর্মসূচির ভিত্তিতে সংশ্লিষ্ট সমন্বয়কারী/ পরিচালক এর সাথে যোগাযোগ করে ডিজিটাল ডিসপ্লে এর ব্যবস্থা করার জন্য উইং-৮ (আইসিটি) কে পরামর্শ দেয়া যেতে পারে।

চ. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে অক্টোবর ২০২৩ মাসে প্রস্তাবিত 'Money and Banking Data Reporting' কোর্সে 'জাতীয় শুদ্ধাচার কৌশল' বিষয়ক সেশন এর ব্যবস্থা রাখার জন্য সংশ্লিষ্ট সমন্বয়কারী/পরিচালক-কে পরামর্শ প্রদান করা যেতে পারে।

ছ. কোর্স এবং প্রশিক্ষণার্থী মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ এবং কোর্স শেষে প্রশিক্ষণার্থী মূল্যায়নের ফলাফল অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী কর্মকর্তার বিভাগীয় প্রধান বরাবর ই-মেইলে অবহিতকরণের জন্য সংশ্লিষ্ট সমন্বয়কারী/পরিচালক-কে পরামর্শ প্রদান করা যেতে পারে। এছাড়া, কোর্স সম্পন্ন হলে কোর্স নথি উইং-৫ এ প্রেরণের জন্য সমন্বয়কারীকে পরামর্শ দেয়া যেতে পারে।


জ. অনুমোদিত কর্মসূচির কোন কোর্সের তারিখ পরিবর্তন/স্থগিত/বাতিল করা যাবে না। তবে জরুরী প্রয়োজনে যে কোন পরিবর্তন (তারিখ পরিবর্তন/স্থগিত/বাতিল) নির্বাহী পরিচালক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে করতে হবে এবং রেকর্ড রাখার সুবিধার্থে উইং-৫ এর পরিচালক মহোদয়ের মাধ্যমে তা অনুমোদনের জন্য উপস্থাপন করতে সমন্বয়কারীগণকে পরামর্শ দেয়া যেতে পারে। এক্ষেত্রে অনুমোদনের কপি অত্র উইং, উইং-১ ও উইং-২ কে সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া যেতে পারে।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।




(আয়েশা সুলতানা মলি)  
যুগ্মপরিচালক  
ফোন: ২৪০৩৬

(হাসান তারেক খান)  
অতিরিক্ত পরিচালক

  
28/10/2023

(মোঃ মেজবাহ উদ্দিন)  
পরিচালক (বিবিটিএ)

  
26.10.2023

(মোঃ জুলকার মায়ন)  
নির্বাহী পরিচালক-১৩

  
28/10/2023

পরিচালক

২৬/৭  
হস্তাক্ষর



Bangladesh Bank Training Academy														
Training Programmes for the month of October 2023														
Sl. No.	Prog./Seminar no.	Training Courses/Seminar	Level of Participants	Working Days	Duration	Related Wing	Venue	Participants from				Total participants in each course	Coordinator	Director
								BB, HO	BB, BO	SBs & FIs	Others			
1	13	Money and Banking Data Reporting	BB/Commercial Bank Officials	3 days	15-17 Oct	W-9	BBTA	5	-	35	-	40	<b>Parsa Nazrana</b> , Joint Director <b>A. T. M. Ahashanul Haque</b> Assistant Director (Stat)	<b>Mohammad Nurul Islam</b> , Additional Director (Stat)
2	2	Seminar on "Policy Dialogue to Improve Supervisory Tools and Techniques"	JD/Additional Director/Director of BB	1 day	30 Oct	W-5	BBTA	150	-	-	-	150	<b>Ayesha Sultana Moly</b> Joint Director	<b>Hasan Tareq Khan</b> Additional Director